# আজ থেকে নতুন বাংলাদেশ নির্মাণের সুযোগ হাতে এসেছে: প্রধান উপদেষ্টা



ছবি: সংগৃহীত

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস দেশবাসীকে নতুন বাংলাদেশ গড়ার আহ্বান জানিয়েছেন। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) রাজধানীর গুলশানে ভোট প্রদান শেষে তিনি এ বার্তা দেন।

ড. ইউনূস বলেন, “আজ থেকে প্রতিটি পদে আমাদের নতুন বাংলাদেশ গড়ার সুযোগ রয়েছে। এটি আমাদের জন্য নতুন দিনের সূচনা, এবং আমরা সকলে একযোগে এটি উদযাপন করতে পারি। সবাইকে উৎসবমুখর পরিবেশে গণভোটে অংশ নেওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।”

তিনি আরও যোগ করেন, “আজ সবার জন্য আনন্দের দিন। এটি আমাদের দুঃস্বপ্নের সমাপ্তি এবং নতুন স্বপ্নের শুরু। সবাইকে শুভেচ্ছা এবং মোবারকবাদ জানাচ্ছি।”

প্রধান উপদেষ্টা ভোট দিয়েছেন রাজধানীর গুলশান মডেল হাইস্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে।

LENS ASIA